

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অধ্যক্ষের কার্যালয়
 ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
 ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
fireservicetc.portal.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকায় অনুষ্ঠিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ০৫ ডিসেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণীঃ-

সভাপতি	:	মোঃ নইমুল আহছান ভূঁইয়া অধ্যক্ষ
সভার তারিখ	:	০৫ ডিসেম্বর, ২০২৩
সময়	:	১০.০০ ঘটিকা
স্থান	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকার সম্মেলন কক্ষ।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকায় অনুষ্ঠিত “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪” এর বাস্তবায়নে “নৈতিকতা কমিটির সভা”, “সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক সভা” এবং “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক সভায়” উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	ধন্যবাদ প্রস্তাব	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতির সভার উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	সভাপতি
২.	সুশাসন প্রতিষ্ঠার বিষয় সংক্রান্ত	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিসেম্বর ২০২৩ এর মধ্যে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস সফটওয়্যার), সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার আইন এবং শুদ্ধাচার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ৩০শে ডিসেম্বর ২০২৩ এর মধ্যে আয়োজনের ব্যবস্থা করতে হবে।	উপাধ্যক্ষ ও ফোকাল পয়েন্ট মোহাম্মদ মামুন, এ্যাডজুটেন্ট
৩.	ওয়েবসাইট হালনাগাদ করণ	সেবা সহজীকরণের লক্ষ্যে ট্রেনিং কমপ্লেক্স এর ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে সিটিজেন চার্টার এবং ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড নিশ্চিত করবে।	আরিফুল ইসলাম ড্রাফটসম্যান
৪.	অফিসে নিয়মিত উপস্থিতি	অফিসে সময়মত উপস্থিত ও অফিস ত্যাগের শিষ্টাচার পালনে সকলকে আন্তরিক হতে হবে। অফিসে যথাসময়ে না আসলে তার বিরুদ্ধে অফিসিয়াল ব্যবস্থা নিতে হবে এবং অফিস চলাকালীন অফিস ত্যাগ করার ক্ষেত্রে উপাধ্যক্ষের অনুমতি নিতে হবে।	মোহাম্মদ মামুন পিও কাম এ্যাডজুটেন্ট
৫.	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ	স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট বাংলাদেশ রোডম্যাপ প্রস্তুত করা হয়েছে। এ রোডম্যাপের চারটি পিলার। (১) স্মার্ট সিটিজেন (২) স্মার্ট সোসাইটি (৩) স্মার্ট ইকোনমি ও (৪) স্মার্ট গভর্ন্যান্স। স্মার্ট বাংলাদেশের পরিকল্পনাকে সামনে এগিয়ে নেয়ার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান, ই-নথির কার্যক্রম ১০০% নিশ্চিত করার মাধ্যমে প্রত্যেককে প্রযুক্তি নির্ভরতা বাস্তবায়ন ও স্মার্ট ইকোনমি গঠনে সহায়তা করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী